

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৫৪৪

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৮৫. বায়তুল্লাহ শরীফে সব সময় নফল নামায পড়া জায়েয

بَابُ جَوَازِ النَّافِلَةِ عِنْدَ الْبَيْتِ فِي جَمِيعِ الْأَزْمَانِ

আরবী

حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَحْمَدَ الدَّقَاقُ ، ثَنَا جَعْفَرُ بْنُ مُحَمَّدِ بْنِ شَاكِرٍ ، ثَنَا سُرَيْجُ بْنُ النُّعْمَانِ ، ثَنَا أَبُو الْوَلِيدِ الْعَدَنِيُّ ، ثَنَا رَجَاءٌ أَبُو سَعِيد ، ثَنَا مُجَاهِدٌ عَنِ ابْنِ عَبَّاسٍ أَنَّ النَّبِيَّ _ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ قَالَ : " يَا بَنِي عَبْدِ الْمُطَّلِبِ أَوْ يَا بَنِي عَبْدِ مَنَافٍ لَا تَمْنَعُوا أَحَدًا يَطُوفُ بِالْبَيْتِ وَيُصلِّي ، فَإِنَّهُ لَا صَلَاةَ بَعْدَ الصَّبْحِ حَتَّى تَطْلُعَ الشَّمْسُ وَلَا صَلَاةَ بَعْدَ الْعَصْرِ حَتَّى تَطْلُعَ الشَّمْسُ وَلَا صَلَاةَ بَعْدَ الْعَصْرِ حَتَّى تَطْلُونَ وَيُصلِّونَ

বাংলা

১৫৪৪(১৩). উসমান ইবনে আহমাদ আদ-দাক্কাক (রহঃ) ... ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ হে আবদুল মুত্তালিবের বংশধর অথবা হে আবদে মানাফ-এর বংশধর! যে কোন ব্যক্তি এই ঘরের তাওয়াফ করে অথবা এখানে নামায পড়ে তোমরা তাকে বাধা দিও না। যদিও ফজরের নামাযের পর সূর্য উদিত হওয়া পর্যন্ত কোন নামায পড়া সংগত নয় এবং আসরের নামাযের পর সূর্য অন্তমিত হওয়া পর্যন্ত কোন নামায পড়া সংগত নয়, কিন্তু লোকজন (ঐ সময়) মক্কায় এই ঘরের তাওয়াফ করতে পারবে এবং নামায পড়তে পারবে।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ প্নঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন